# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৭১

পর্ব-১: ঈমান (বিশ্বাস) (كتاب الإيمان)

পরিচ্ছেদঃ ২. প্রথম অনুচ্ছেদ - সন্দেহ-সংশয়, কুমন্ত্রণা

بَابُ الْوَسْوَسَةِ

আরবী

وَعَنْ جَابِرٍ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِنَّ إِبْلِيسَ يَضَعُ عَرْشَهُ عَلَى الْمَاء ثمَّ يبْعَث سراياه فَأَدْنَاهُمْ مِنْهُ مَنْزِلَةً أَعْظَمُهُمْ فِتْنَةً يَجِيءُ أَحَدُهُمْ فَيَقُولُ فَعَلَتُ كَذَا وَكَذَا فَيَقُولُ مَا صَنَعْتَ شَيْئًا قَالَ ثُمَّ يَجِيءُ أَحَدُهُمْ فَيَقُولُ مَا تَرَكْتُهُ حَتَّى فَرَّقَتْ بَيْنَهُ وَبَيْنَ امْرَأَتِهِ قَالَ فَيُدْنِيهِ مِنْهُ وَيَقُولُ نَعَمْ أَنْتَ قَالَ الْأَعْمَشُ أرَاهُ قَالَ «فيلتزمه» . رَوَاهُ مُسلم

বাংলা

৭১-[৯] জাবির (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ ইবলীস (শায়ত্বন (শয়তান)) সমুদ্রের পানির উপর তার সিংহাসন স্থাপন করে। অতঃপর মানুষের মধ্যে ফিতনাহ্ (ফিতনা)-ফাসাদ সৃষ্টি করার জন্য সেখান থেকে তার বাহিনী চারদিকে প্রেরণ করে। এদের মধ্যে সে শায়ত্বন (শয়তান)ই তার নিকট সর্বাধিক সম্মানিত যে শায়ত্বন (শয়তান) মানুষকে সবচেয়ে বেশী ফিতনায় নিপতিত করতে পারে। তাদের মধ্যে একজন ফিরে এসে বলে, আমি এরূপ এরূপ ফিতনাহ্ মানুষের মধ্যে সৃষ্টি করেছি। তখন সে (ইবলীস) প্রত্যুত্তরে বলে, তুমি কিছুই করনি। তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেন, অতঃপর এদের অপর একজন এসে বলে, আমি মানব সন্তানকে ছেড়ে দেইনি, এমনকি দম্পতির মধ্যে সম্পর্কচ্ছেদ করে দিয়েছি। তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেন, শায়ত্বন (শয়তান) এ কথা শুনে তাকে নিকটে বসায় আর বলে, তুমিই উত্তম কাজ করেছো। বর্ণনাকারী আ’মাশ বলেন, আমার মনে হয় জাবির (রাঃ) এটাও বলেছেন যে, ’’অতঃপর ইবলীস তার সাথে আলিঙ্গন করে’’। (মুসলিম)[1]

## English

Chapter: Evil Promptings - Section 1

Jabir reported God’s messenger as saying, "Iblis sets his throne on the water, then sends forth his detachments to tempt mankind, the one who is nearest him in station being the one who can cause the severest temptation. One of them comes and says, ‘I have done such and such,’ but he replies, ‘You have

done nothing.’ Then one of them comes and says; ‘I did not leave him till I separated him from his wife.’ He then brings him near to himself saying, ‘What a fine fellow you are!' ” A'mash said he thought he said, "Then he embraces him.”

Muslim transmitted it.

ফুটনোট

[1] সহীহ : মুসলিম ২৮১৩, সহীহাহ্ ৩২৬১, সহীহ আত্ তারগীব ২০১৭, আহমাদ ১৪৩৭৭। এখানে تَرَكْتُهٗ -এর মধ্যকার (هٗ) দ্বারা সে ব্যক্তি উদ্দেশ্য যাকে কুমন্ত্রণা দিয়েছে।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (فَيُدْنِيهِ مِنْهُ وَيَقُولُ نِعْمَ أَنْتَ) শায়ত্বন (শয়তান) তাকে নিকটবর্তী করে নেয় এবং বলে, তুমি খুব ভালো। অর্থাৎ- শায়ত্বন (শয়তান) তার কৃতকার্যে সন্তুষ্ট হয়ে তার প্রশংসা করে এবং স্বীয় ইচ্ছা পূরণ করার কারণে তাকে ধন্যবাদ জ্ঞাপন করে।

فَيَلْتَزِمُهٗ অর্থাৎ- শায়ত্বন (শয়তান) তার সাথে কুলাকুলি করে। স্বামী স্ত্রীর মধ্যে বিভেদ সৃষ্টি করার কারণে যা তার নিকট অধিক পছন্দনীয় কাজ- তাকে আপন করে নেয়। স্বামী-স্ত্রীর মধ্যে বিচ্ছেদ ঘটাতে পারলে পারিবারিক বন্ধন বিলুপ্ত হবে। একসময় উভয়ে অনৈতিক সম্পর্কেও জড়িত হতে পারে এবং এর দ্বারা সমাজে ব্যভিচার বৃদ্ধি পাবার সম্ভাবনা দেখা দেবে। শায়ত্বন (শয়তান) এটাই চায়।

হাদীসের শিক্ষাঃ স্বামী-স্ত্রীর মধ্যে বিচ্ছেদ ঘটতে পারে এমন আচার-আচরণ থেকে বিরত থাকা। কেননা এতে ব্যভিচার সংঘটিত হওয়া ও বংশীয় সম্পর্ক ছিন্ন হওয়ার আশংকা রয়েছে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=54629

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন